

প্রথম আলো

তারিখ ..... 7 JUL 2009  
পৃষ্ঠা ..... ১৩ কলাম ..... ১

## কুমিল্লা সরকারি কলেজ রাজনৈতিক চাপে ভর্তিতে অনিয়ম করেছে কর্তৃপক্ষ!

নিজস্ব প্রতিবেদক: কুমিল্লা

কুমিল্লা সরকারি কলেজে ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ৩৮৪ আসনে ভর্তি নিয়ে অনিয়ম হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। গত বোম্বার ওই কলেজে অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তির শেষ দিনে ব্যবসায় শিক্ষার ১৮৫ জন, বিজ্ঞানে ১০৮ জন এবং মানবিক ৯১ জন শিক্ষার্থীকে অবিবেচনায় ভর্তির সুযোগ দেওয়া হয়। তবে মেধাক্রমের ভিত্তিতে এ তালিকা তৈরি করা হয়নি।

যোগ্যতা থাকা সত্ত্বেও ভর্তি হতে না পারা প্রায় ৫০ জন শিক্ষার্থী গত বোম্বার প্রথম অংশের কার্যক্রমে এসে ভর্তির অনিয়মের অভিযোগ করে। তারা জানায়, বিজ্ঞান বিভাগে জিপিএ ৪ দশমিক ৮৮ পেয়েও এক শিক্ষার্থী ভর্তি হতে পারেনি। অপর জিপিএ ৩ দশমিক ১৯ পাওয়া শিক্ষার্থী বিজ্ঞান বিভাগে ভর্তি হয়েছে।

ভর্তি কমিটির আহ্বায়ক এবং কলেজের হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মো. আজহারুল ইসলাম বলেন,

কলেজে একাদশ শ্রেণীতে ব্যবসায় শিক্ষা, বিজ্ঞান এবং মানবিক ৩০০ করে মোট ৯০০ আসন রয়েছে। এর মধ্যে প্রথম দফায় ৫১৬ জন শিক্ষার্থী ভর্তি করা হয়। গত বোম্বার ভর্তির শেষ দিনে পাঁচ শতাধিক শিক্ষার্থী ভর্তি হতে আসে। এদের মধ্যে ৩৮৪ জন ভর্তির সুযোগ পায়।

অনিয়ম প্রসঙ্গে জানতে চাইলে ভর্তি কমিটির আহ্বায়ক মো. আজহারুল ইসলাম বলেন, রাজনৈতিক চাপে বাধ্য হয়ে যেখানকার ছাড়াই তালিকা প্রকাশ করা হয়। এটা নিয়মমত হইনি। অধ্যক্ষের নির্দেশনামতো ৩৮৪ আসনে শিক্ষার্থীদের ভর্তি করা হয়। ভর্তি কমিটির সদস্য ও ব্যবস্থাপনা বিভাগের প্রত্যক্ষ মো. জুবায়ের মিয়া বলেন, 'অধ্যক্ষ যেভাবে তালিকা করতে বলেছেন আমরা সেভাবে করেছি। আমি কেবল ভাটা এন্ট্রি করেছি।'

কলেজের অধ্যক্ষ এ কে এম আহসানুজ্জামান বলেন, রাজনৈতিক চাপে কিছুটা অনিয়ম হয়েছে। তবে ভর্তির ক্রম নির্ধারিত যোগ্যতা আছে এমন শিক্ষার্থীদের মধ্য থেকে ভর্তি করা হয়। তবে অধ্যক্ষ অনিয়ম প্রসঙ্গে এ প্রতিবেদনটি প্রকাশ না করার জন্য একাধিকবার অনুরোধ করেন।